# উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী ঃ-

সভাপতির নাম ঃ জনাব মোঃ শাহিন আলম
উপজেলা নির্বাহী অফিসার (অ:দা:)
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

তারিখ ও সময় ঃ ১৬/০৬/২০২৬ খ্রিঃ তারিখ, সকাল: ১০.০০ ঘটিকা।

উপস্থিতিঃ পরিশিষ্ট-ক দেখানো হলো

সভার শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় এবং সদস্য সচিব উপজেলা কৃষি অফিসার দামুড়হুদা এজেন্ডা ভিত্তিক আলোচনা উপস্থাপন করেন।

অতপরঃ সদস্য সচিব উপজেলা কৃষি অফিসার দামুড়হুদা, চুয়াডাঙ্গা, উপপরিচালক,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা মহোদয়ের ১৪/০৬/২০২৬ খ্রিঃ তারিখের ১২.০১.১৮০০.০৩৯.০০.০০৩.২৬/৭৯০(১৪) নং স্মারক মূলে দামুড়হুদা উপজেলার কৃষকদের জন্য প্রণোদনা সংক্রান্ত পত্রটি সভায় পাঠ করে শুনান। উপজেলা কৃষি অফিসার জানান, ২০২৫-২০২৬ অর্থ বছরে এয়ার ফ্লো মেশিন স্থাপনের মাধ্যমে কৃষক পর্যায়ে পেঁয়াজ সংরক্ষণ সংক্রান্ত কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় ৩০ (ত্রিশ) জন কৃষকের জন্য বরাদ্দ পাওয়া গিয়াছে।

এ কর্মসূচীর আওতায় দামুড়হুদা উপজেলার অনুকুলে ৩০ (ত্রিশ)জন কৃষকের এয়ার ফ্লো মেশিন স্থাপনের মাধ্যমে কৃষক পর্যায়ে পেঁয়াজ সংরক্ষণ সংক্রান্ত প্রণোদনা কর্মসূচী গ্রহণ করা হয়েছে। ৩০ (ত্রিশ)জন উপকারভোগী কৃষক পরিবার ১টি করে এয়ার ফ্লো মেশিন সহায়তা পাবেন। সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষক নির্বাচন করে কৃষকদের খসড়া অগ্রাধিকার তালিকা প্রস্তুত করবেন। এ ক্ষেত্রে পেঁয়াজ সংরক্ষণে আগ্রহী এবং ঘরের ৪টি দেওয়াল, মাচা তৈরির সক্ষমতা রয়েছে এমন কৃষক নির্বাচন করতে হবে।

সভায় প্রণোদনা প্যাকেজ ২০২৫-২০২৬ অর্থ বছরে এয়ার ফ্লো মেশিন স্থাপনের নীতিমালা বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

**সিদ্ধান্ত -০১**

উপজেলায় ০৮ টি ইউনিয়ন ও ১ টি পৌরসভায় এয়ার ফ্লো মেশিন স্থাপনের জন্য কৃষক চাহিদার ভিত্তিতে প্রণোদনার বিভাজন নিম্নলিখিত ভাবে করার সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। বিভাজন নিম্নরূপঃ-

| ক্রমিক নং | ইউনিয়ন/পৌরসভা | প্রান্তিক/ ক্ষুদ্র কৃষকের সংখ্যা | এয়ার ফ্লো মেশিন বাবদ (সংখ্যা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | জুড়ানপুর | ০ | ০ | কৃষকের চাহিদার ভিত্তিতে বিভাজনকৃত |
| ২ | নতিপোতা | ৩ | ৩ | |
| ৩ | নাটুদহ | ১ | ১ | |
| ৪ | কার্পাসডাঙ্গা | ৫ | ৫ | |
| ৫ | কুড়ুলগাছি | ১০ | ১০ | |
| ৬ | পারকৃষ্ণপুর-মদনা | ৫ | ৫ | |
| ৭ | হাউলী | ০ | ০ | |
| ৮ | দামুড়হুদা | ৫ | ৫ | |
| ৯ | দর্শনা পৌরসভা | ১ | ১ | |
| | মোটঃ | ৩০ জন | ৩০ টি | |

**সিদ্ধান্ত -০২**

এয়ার ফ্লো মেশিনের নিম্নে উল্লেখিত বৈশিষ্ট্য (Specification):-

ক) উচ্চতাঃ ১৮৩০ মি. মি. (৭২ ইঞ্চি); খ) ডায়ামিটারঃ ৪০০ মি. মি. (১৬ ইঞ্চি); গ) স্টীল সীটঃ ২০ গ্যাজ; ঘ) হেড সাইজঃ ৪৮০ মি. মি. (১৯ ইঞ্চি); ঙ) ফ্যানঃ চায়না, স্প্রিড ২৬০০-২৮০০ আরপিএম, ২২০ ভোল্ট, ৩০০-৩৫০ ওয়াট, ফ্যানবক্স ১৬ ইঞ্চি ডায়ামিটার; ব্লেড ১৪ ইঞ্চি (ন্যুনতম) সংখ্যা (৪-৫টি), এয়ার ফ্লো ৯-১১ মিটার/সেকেন্ড চ) টাইমার (অটোমেটিক) সুইচ এবং অন্যান্য আনুসাঙ্গিক সামগ্রী মানসম্পন্ন হতে হবে; ছ) সংরক্ষণ ক্ষমতা নূন্যতম ১২ মেট্রিক টন হতে হবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত -০৩**

প্রণোদনা কর্মসূচিতে এয়ার ফ্লো মেশিন স্থাপন খাতে বরাদ্দকৃত সমুদয় পরিমাণ অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক যাচাই-বাছাইপূর্বক মাস্টাররোল অনুসরণ করে উপকারভোগী কৃষকের ব্যাংক হিসাবে প্রদান করতে হবে। তালিকাভুক্ত উপকারভোগী কৃষক নিজস্ব অর্থায়নে ০৪ (চারটি) দেয়াল (দৈর্ঘ্য ১০ ফুট, প্রস্থ ১০ ফুট, উচ্চতা ৬ ফুট) ও মাচা তৈরী সম্পন্ন করেছে নিশ্চিত হওয়ার পর সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক এয়ার ফ্লো মেশিন স্থাপনের লক্ষ্যে চুক্তি সম্পাদনপূর্বক মেশিনটি স্থাপন করতে হবে। অতঃপর উপজেলা কৃষি অফিসার পেঁয়াজ সংরক্ষণাগারে এয়ার ফ্লো মেশিন স্থাপন নিশ্চিত হওয়ার পর উপকারভোগী কৃষকের ব্যাংক হিসাবে প্রদেয় চেকের মাধ্যমে প্রণোদনার ২৮,০০০/- (আটাশ হাজার) টাকা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। কৃষক সরবরাহকারী প্রতিষ্ঠানকে মেশিনের (স্থাপন, ০৩ বছরের রিপ্লেসমেন্ট গ্যারান্টি ও ১০ বছরের ফ্রি সার্ভিস ওয়ারেন্টিসহ) মূল্য বাবদ অনধিক ২১,০০০/- (একুশ হাজার) টাকা পরিশোধ করতে হবে। অবশিষ্ট ৭,০০০/- (সাত হাজার) টাকা কৃষক কর্তৃক সংরক্ষণাগারের দেয়াল ও মাচা তৈরি এবং অন্যান্য খাতের ব্যয়ের (আংশিক) সমন্বয় বাবদ কৃষকের নিকট থাকবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত -০৪**

প্রণোদনার আওতাভুক্ত কৃষক এবং মেশিন সরবরাহকারী প্রতিষ্ঠানের মধ্যে সরকার নির্দেশিত কর্মসূচি বাস্তবায়ন পদ্ধতি ও এ সংক্রান্ত শর্তাবলি উল্লেখ পূর্বক ০২ (দুই) পক্ষের স্বাক্ষরযুক্ত ৩০০/- (তিনশত) টাকা নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি চুক্তিনামা স্বাক্ষরিত করতে হবে। ০৩ (তিন) জন স্বাক্ষীর স্বাক্ষরসহ এই চুক্তিনামায় সংশ্লিষ্ট উপহকারী কৃষি কর্মকর্তা সনাক্তকারী হিসেবে এবং উপজেলা কৃষি কর্মকর্তা প্রতিস্বাক্ষরকারী হিসেবে স্বাক্ষর করবেন। চুক্তিনামায় রিপ্লেসমেন্ট ও মেরামত কার্যক্রম কৃষক কর্তৃক অবহিত হবার ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে সম্পন্ন করতে উৎপাদনকারী প্রতিষ্ঠান বাধ্য থাকবেন মর্মে উল্লেখ থাকতে হবে। চুক্তিনামার মূল কপি সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে এবং ফটোকপি সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান ও কৃষকের নিকট সংরক্ষিত থাকবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত -০৫**

উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর "কৃষক তথ্য ছক" পূরণ করে উপসহকারী কৃষি কর্মকর্তা **সফটকপি** উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির নিকট **ই-মেইল** এ অগ্রাধিকার খসড়া তালিকা আবশ্যিকভাবে প্রেরণ করবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

ক) পেঁয়াজ সংরক্ষণে আগ্রহী এবং ঘরের ৪টি দেওয়াল ও মাচা তৈরির সক্ষমতা রয়েছে এমন কৃষক নির্বাচন করতে হবে।
খ) পরবর্তীতে যাচাই বাচাই সাপেক্ষে চাহিদার ভিত্তিতে কৃষক তালিকা সমন্বয় করা যেতে পারে।
গ) কৃষকের জাতীয় পরিচয় পত্র নম্বর ও মোবাইল নম্বর থাকতে হবে।
ঘ) ২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের ছবি।
ঙ) কৃষকের ব্যাংক হিসাব নম্বর থাকতে হবে।

**সিদ্ধান্ত -০৬**

২০২৫-২০২৬ অর্থ বছরে এয়ার ফ্লো মেশিন ও আনুসাংগিক ব্যয় বাবদ কৃষি পুনর্বাসন সহায়তার অর্থ খরচের লক্ষ্যে একটি উপ-কমিটি গঠনের প্রস্তাব গৃহীত হয় এবং কমিটির অনুমোদন ও দেওয়া হয়।

কমিটি নিম্নরূপঃ

| | | |
|---|---|---|
| ১। উপজেলা কৃষি অফিসার,দামুড়হুদা, চুয়াডাঙ্গা। | ঃ- | আহবায়ক |
| ২। উপজেলা প্রাণীসম্পদ অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা। | ঃ- | সদস্য |
| ৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,দামুড়হুদা, চুয়াডাঙ্গা। | ঃ- | সদস্য |

* বিভাজন-ক ২০২৫-২০২৬ অর্থ বছরে এয়ার ফ্লো মেশিন স্থাপনের মাধ্যমে কৃষক পর্যায়ে পেঁয়াজ সংরক্ষণ সংক্রান্ত প্রণোদনা কর্মসূচীর বর্ণিত কমিটিকে কোটেশন সংক্রান্ত ও যাবতীয় কার্যাদি সম্পাদন করা এবং সরকারী বিধি মোতাবেক আর্থিক ব্যয়ভার মেটানোসহ যাবতীয় খরচের ক্ষমতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করা হয়।

১৫.০৬.২৫

(মোঃ শাহিন আলম)
উপজেলা নির্বাহী অফিসার (অঃদাঃ)
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
dae.damurhuda.chuadanga.gov.bd

স্মারক নং- ১২.১৬.১৮৩১.০০০.১৬.০০২.২৫.৫২০ (২৭) তারিখঃ- ১৮/০৫/২০২৬ খ্রি।

**১৬/০৬/২০২৬খ্রি.** তারিখে অনুষ্ঠিত উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির সভায় ২০২৫-২০২৬ অর্থ বছরে এয়ার ফ্লো মেশিন স্থাপনের মাধ্যমে কৃষক পর্যায়ে পেঁয়াজ সংরক্ষণ সংক্রান্ত প্রণোদনা কর্মসূচীর কার্যবিবরণীর অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সদয় জ্ঞাতার্থে ঃ-
১) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা।
২) উপজেলা নির্বাহী অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ-
১) মেয়র/প্রশাসক, দর্শনা পৌরসভা।

২-৮) চেয়ারম্যান/প্রশাসক (সকল) ....................................ইউপি।

৯-২৫) **উপসহকারী কৃষি কর্মকর্তা,** (সকল) জনাব ........................................ব্লক.........................। আপনাকে প্রণোদনা প্যাকেজের আওতায় "কৃষক তথ্য ছক" পূরণ করে **(সফটকপি ও হার্ডকপি)** অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে আগামী ..২১/০৫/২৬........ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর ০১(এক) কপি কৃষক অগ্রাধিকার খসড়া তালিকা আবশ্যিকভাবে জমা দেওয়ার জন্য নির্দেশক্রমে বলা হলো।

১৮.০৬.২৬
(শারমিন আক্তার)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।